



D.O. No..... Date.

বিশ্ব দৃষ্টি দিবস উপলক্ষে
মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী, ত্রিপুরা সরকারের আবেদন

১১ অক্টোবর ২০১৮ বিশ্ব দৃষ্টি দিবস। চোখের যত্ন সম্পর্কে সচেতনতা সৃষ্টি এই দিবসের মূল লক্ষ্য। মনে রাখতে হবে জন্মের পর থেকেই শিশুদের দৃষ্টিশক্তি সঠিক রয়েছে কিনা সেদিকে বাবা-মা ও অভিভাবকদের নজর দিতে হবে। জন্মের পর মায়ের বুকের প্রথম হলদেটে দুধ বা কলোস্ট্রাম দৃষ্টিশক্তির জন্য অপরিহার্য। পাশাপাশি ভিটামিন এ সিরাপ শিশুকে ১ম ডোজ নয় মাসে, ২য় ডোজ ১৬ মাসে এবং ৩য়-৯ম ডোজ ১৬ মাস থেকে ছয় মাস অন্তর অন্তর ৫ বছর বয়স পর্যন্ত খাওয়াতে হবে। শিশু যাতে অস্পষ্ট আলোয় পড়াশুনা না করে এবং টি ভি দেখার সময় অবশ্যই কাছে বসে না দেখে সেদিকেও নজর রাখতে হবে। সহজলভ্য ঘন সবুজ এবং লাল শাক সজ্জি, পালং সজনে, লাল নটে শাক, পাকা পেপে, গাজর ইত্যাদি খাদ্য গ্রহণের দিকে নজর রাখতে হবে। যে কোনও বয়সের মানুষই দৃষ্টিশক্তি জনিত সমস্যায় ভুগতে পারেন। তাই প্রত্যেকেরই এক্ষেত্রে যত্নবান হতে হবে। চশমার প্রয়োজন যাদের তাঁরাও অনেকসময় চশমা পরিধান করেন না। ছানি সঠিক সময়ে অস্ত্রোপচারের ক্ষেত্রে অবহেলা লক্ষ্য করা যায়। এসবক্ষেত্রে যত্নবান হতে হবে। নির্দিষ্ট সময় অন্তর অন্তর চক্ষু চিকিৎসকের কাছে গিয়ে চোখ পরীক্ষা করে চিকিৎসকের পরামর্শ অনুসারে ব্যবস্থা গ্রহণ করতে হবে। আমি রাজ্যের সমস্ত অংশের জনগণকে এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির কাজে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে আবেদন জানাচ্ছি।

সুদীপ রায় বর্মন
(সুদীপ রায় বর্মন)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী,
ত্রিপুরা সরকার